

জামালপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ৬ষ্ঠ দিনের মতো শার্টডাউন চলমান

নিজস্ব সংবাদদাতা, মেলান্দহ, জামালপুর

প্রকাশিত: ১৫:২৪, ২৫ জুলাই ২০২৫



ছবি: দৈনিক জনকর্তা।

বুটেক্স অধিভুক্ত ৮টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ৮ দফা দাবিতে আন্দোলন করছে শিক্ষার্থীরা। আন্দোলনে একাত্মতা প্রকাশ করে ৬ষ্ঠ দিনের মতো শাটডাউন কর্মসূচি চলমান। এতে স্থবির হয়ে পড়েছে অ্যাকাডেমিক কার্যক্রম।

শিক্ষার্থীদের প্রধান দাবিগুলো হলো—শিক্ষক সংকট স্থায়ীভাবে সমাধান, ল্যাবের জন্য জনবল নিয়োগ, ক্যাম্পাসে বরাদ্দ বৃদ্ধি, তিন মাসের মধ্যে মার্কশিটসহ ফল প্রকাশ, সেমিস্টার ও রিটেক ফি কমানো, ছয় মাসের মধ্যে প্রতিটি সেমিস্টার সম্পন্ন করা, ইম্প্রুভমেন্ট সিস্টেম চালু করা।

শিক্ষার্থীরা জানান, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদফতর পরিচালিত এ কলেজে মাত্র ছয়জন স্থায়ী শিক্ষক রয়েছেন। বাকি ক্লাসগুলো চলছে অল্প কয়েকজন অতিথি শিক্ষকের মাধ্যমে, যা যথেষ্ট নয়। এতে শিক্ষার মান ও ল্যাবের কার্যকারিতা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। জনবল না থাকায় ল্যাবের যন্ত্রপাতি ও মেশিনও নষ্ট হয়ে গেছে।

শিক্ষার্থীরা ছান্নিয়ারি দেন, তাদের ৮ দফা দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবেন। জামালপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের আন্দোলনরত শিক্ষার্থী সাঁজুদী বলেন, অধিদপ্তরের কাছে প্রেরিত আমাদের দাবিগুলোর বিষয়ে সুস্পষ্ট কোনো ব্যাখ্যা না পাওয়ার কারণে এখনও বুটেক্স অধিভুক্ত ৮ টি সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ৬ষ্ঠ দিনের মতো শাটডাউন কর্মসূচি চলছে। এ ব্যাপারে আন্দোলনের প্রতিনিধিরা জানিয়েছে ৭ দফা দাবির ব্যাপারে সুস্পষ্টভাবে না জানানো পর্যন্ত এই শাটডাউন কর্মসূচি চলবে। পরবর্তী মিটিংয়ে ছাত্র প্রতিনিধি রেখে মিটিং করতে হবে বলেও জানান আন্দোলনের প্রতিনিধিরা।

চলমান শাটডাউনে আগামী রবিবারে অনুষ্ঠানটি লেভেল-২, টার্ম-১ এর পরীক্ষায় বসবেনা বলে জানিয়েছে লেভেল-২, টার্ম-১ এর শিক্ষার্থীরা।